# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 23 June, 2025

জামালপুর জেনারেল হাসপাতালে চিকিৎসক দম্পতির হামলায় আহত হয়েছেন একই হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. তারিকুল ইসলাম রনি ও অনলাইন পোর্টাল বাংলারচিঠি ডটকমের সম্পাদক জাহাঙ্গীর সেলিম।এই ঘটনা ঘটে রোববার (২৩ জুন) দুপুর ১টার দিকে, হাসপাতালের প্যাথলজি বিভাগে।অভিযুক্তরা হলেন হাসপাতালের দন্তরোগ বিশেষজ্ঞ ডা. ইকরামুল ইসলাম হিটলু তালুকদার ও তার স্ত্রী, হাসপাতালের মেডিকেল অফিসার ডা. শারমিন।

প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগীদের ভাষ্যমতে, হাসপাতালে আউটসোর্সিং নিয়োগ নিয়ে কয়েক দিন ধরেই উত্তেজনা চলছিল।এর জেরে দুপুরে ডা. হিটলু ও ডা. শারমিন ডা. রনির কক্ষে প্রবেশ করে উত্তেজনাকর ভাষায় কথা বলতে থাকেন।প্রতিবাদ জানালে তারা ক্ষিপ্ত হয়ে রনির ওপর শারীরিকভাবে হামলা চালান।এ সময় উপস্থিত সাংবাদিক জাহাঙ্গীর সেলিম প্রতিবাদ করলে তাকেও মারধর করা হয়।

এই ঘটনায় চিকিৎসকদের সংগঠন ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) তীব্র নিন্দা জানিয়েছে।এক বিবৃতিতে সংগঠনটির নেতারা বলেন, "চিকিৎসকের কক্ষে ঢুকে হামলা চালানো চরম অপরাধ।অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তার করে শাস্তির আওতায় না আনলে আমরা চিকিৎসা সেবা বন্ধসহ কঠোর কর্মসূচিতে যেতে বাধ্য হবো।" ঘটনার পর থেকে চিকিৎসক দম্পতি পলাতক রয়েছেন বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ।

এ বিষয়ে জামালপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু ফয়সল মো. আতিক বলেন, "ঘটনার বিষয়ে মৌখিকভাবে আমরা অবগত হয়েছি। লিখিত অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।"

এ ঘটনায় হাসপাতালের স্বাভাবিক কার্যক্রমে অস্থিরতা তৈরি হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।রোগী ও স্বজনরাও নিরাপত্তাহীনতায় ভুগছেন। জামালপুরের সচেতন মহল ঘটনাটি গুরুত্ব সহকারে নিয়ে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

হাসপাতাল সাংবাদিক চিকিৎসক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 05:58

URL: https://www.timestodaybd.com/mymensingh/3858593593